



গবিতে জানুয়ারি-জুন ২০২৬ সেশনের সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরু



ছবি: লেন্স এশিয়া

সাভারের গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) জানুয়ারি-জুন ২০২৬ সেশনের সেমিস্টার ফাইনাল পরীক্ষা শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে শুরু হয়েছে।

সোমবার (৬ জুলাই) বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নির্ধারিত কেন্দ্রগুলোতে এ পরীক্ষা শুরু হয়।

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর সূত্রে জানা যায়, এবার বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদের ১৭টি বিভাগের মোট ৪ হাজার ৫৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছেন। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী, এখন পর্যন্ত পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হচ্ছে। কোনো ধরনের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। পরীক্ষা চলাকালে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক, প্রক্টরিয়াল বডি, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

উল্লেখ্য, জানুয়ারি-জুন ২০২৬ সেশনের তৃতীয় পরীক্ষা ৬ জুলাই শুরু হয়ে আগামী ৩০ জুলাই পর্যন্ত চলবে।

LENS ASIA